# নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
## বেগমগঞ্জ, নোয়াখালী।

টেলিফোনঃ ০৩২১-৫২২১২, ফ্যাক্সঃ ০৩২১-৫৩৬৫৯, ই-মেইলঃ gm.noa.pbs@gmail.com, ওয়েব সাইট: www. pbs.noakhali.gov.bd

স্মারক নং- ২৭.১২.৭৫০৭.৫৩১.০১.০৮.২৪ ২৬৮০

তারিখঃ ১০/০১/১৪৩০ বঙ্গাব্দ।
২৩/০৪/২০২৪ খ্রিঃ।

## " মোটরসাইকেল নিলাম বিজ্ঞপ্তি "

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত কনডেম ঘোষিত যানবাহনসমূহ "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ এজেন্সীর নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা (মোবাইল নাম্বার সহ) উল্লেখ পূর্বক স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | যানবাহনের বিবরণ (মোটরসাইকেল) | ইঞ্জিন নং | চেসিস নং | প্রস্তুতকারী দেশ | উদ্ধৃত দর (টাকা) | যানবাহনের মালিকানা ও অবস্থান |
|---|---|---|---|---|---|---|
| ০১) | নোয়াখালী হ-১১-২৬৪২ | 3310428 | A09861 | হোন্ডা, পাকিস্তান | | নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি বেগমগঞ্জ, নোয়াখালী। |
| ০২) | নোয়াখালী হ-১১-২৯৬৮ | 3393825 | A010955 | হোন্ডা, পাকিস্তান | | |
| ০৩) | নোয়াখালী হ-১১-৩২৯৮ | 3497261 | A11591 | হোন্ডা, পাকিস্তান | | |
| ০৪) | নোয়াখালী হ-১১-৩৩৩০ | 3532733 | A11663 | হোন্ডা, পাকিস্তান | | |
| ০৫) | নোয়াখালী হ-১১-৩৩৩৩ | 3532739 | A11669 | হোন্ডা, পাকিস্তান | | |
| ০৬) | নোয়াখালী হ-১১-৩৩৩৪ | 3532753 | A11683 | হোন্ডা, পাকিস্তান | | |
| ০৭) | নোয়াখালী হ-১১-৩৩৩৫ | 3532747 | A11677 | হোন্ডা, পাকিস্তান | | |
| ০৮) | নোয়াখালী হ-১১-৩৩৩৬ | 3532763 | A11693 | হোন্ডা, পাকিস্তান | | |
| ০৯) | নোয়াখালী হ-১১-৩৩৩৯ | 3532769 | A11699 | হোন্ডা, পাকিস্তান | | |
| ১০) | নোয়াখালী হ-১১-৩৪১৮ | 3557838 | A12366 | হোন্ডা, পাকিস্তান | | |
| ১১) | নোয়াখালী হ-১১-৩৭৪৪ | 3634318 | A13643 | হোন্ডা, পাকিস্তান | | |
| ১২) | নোয়াখালী হ-১১-৩৭৪৫ | 3656956 | A13779 | হোন্ডা, পাকিস্তান | | |
| ১৩) | নোয়াখালী হ-১১-৩৭৪৬ | 3656890 | A13713 | হোন্ডা, পাকিস্তান | | |
| ১৪) | নোয়াখালী হ-১১-৩৭৪৭ | 3656959 | A13782 | হোন্ডা, পাকিস্তান | | |
| ১৫) | নোয়াখালী হ-১১-৩৭৪৮ | 3634280 | A13605 | হোন্ডা, পাকিস্তান | | |
| ১৬) | নোয়াখালী হ-১১-৩৭৪৯ | 3656882 | A13705 | হোন্ডা, পাকিস্তান | | |
| | **সর্বমোট =** | | | | | |

**কথায়ঃ (---------------------------------------------------------------------------)।**

| দরপত্র গ্রহন ও খোলার সময়ও তারিখ |
|---|
| নিলাম দরপত্র আগামী ২৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী অথবা পরিচালক, পবিস উন্নয়ন ও পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ একই দপ্তরে (দরপত্র দাখিলকৃত দপ্তরে) একই তারিখ অর্থাৎ ২৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০৫ ঘটিকায় উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধির সামনে ( যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাবে না। |

**শর্তাবলীঃ**

০১. উক্ত নিলামে অংশ গ্রহণে আগ্রহীগণ আগামী ২৮/০৪/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (৯.০০ ঘটিকা হতে ১৬.০০ ঘটিকা পর্যন্ত) নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী এ উপরে বর্ণিত যানবাহন সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

০২. **খামের উপর "মোটরসাইকেল নিলাম দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে।** নিলাম দরপত্রে উল্লেখিত ক্রম নম্বর অনুযায়ী আলাদা আলাদাভাবে দর উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দর/দরপত্র দাখিল করতে হবে। তবে অত্র প্রতিষ্ঠান কর্তৃক ধার্যকৃত মোট সর্বনিম্ন নিলাম দরের নীচে কোন দর বিবেচনা করা হবে না। সকল যানবাহন এর মোট উদ্ধৃত সর্বোচ্চ দর অনুযায়ী মুল্যায়ন করা হবে।

০৩. কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক দরপত্র সিডিউলে উল্লিখিত সকল মটরসাইকেল এর নিলাম দর দাখিল করতে হবে। দরপত্র সিডিউলে উল্লিখিত সকল মোটর সাইকেল এর নিলাম দর দাখিল না করলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে। আংশিক মোটর সাইকেল এর দর দাখিল করলে তা রেসপনসিভ হিসেবে গণ্য হবে না। আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানকে নিলাম বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল মোটর সাইকেল ক্রয় করতে হবে।

০৪. দরপত্রের সাথে ব্যাক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র /প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

০৫. নিলামে অংশ গ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ দরদাতা নিলামকৃত মালামাল পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৬. দরপত্র বাছাই/মূল্যায়ন কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৭. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কে মালামালসমূহ **" যেখানে যে অবস্থায় আছে তার ভিত্তিতে"** কমিটির সদস্যগণের উপস্থিতিতে গ্রহণ করতে হবে।

০৮. নিলামে উদ্বৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত (ফেরত যোগ্য) নোয়াখালী পল্লীবিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফ্ট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বিবেচনা করা হবে না।

০৯. কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকার নির্ধারিত হারে ভ্যাট ও উৎস কর নগদ অথবা ব্যাংক ড্রাফ্ট আকারে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালীর অনুকূলে পরিশোধ করে যানবাহন ডেলিভারী গ্রহণ করতে হবে। অন্যথায় কোন কারণ দর্শানো ছাড়াই দরপত্রে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১০. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দর গ্রহণ বা যে কোন /সকল নিলাম দর বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১১. শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হবে।

23/4/24

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার

<u>সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ অনুলিপিঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)</u>

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পরিঃ (দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৩। পুলিশ সুপার, নোয়াখালী।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ( বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, নোয়াখালী।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------------------------------পবিস-১/২/৩/৪।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ---------------------উপজেলা, নোয়াখালী।
০৮। ডি.জি.এম- চাটখিল / সেনবাগ/ সোনাইমুড়ী / কোম্পানীগঞ্জ/ কবির হাট/সোনাপুর /সুবর্ণচর/ আমিন বাজার জোনাল অফিস, ডিজিএম (কারিগরী), নপবিস।
০৯। এজিএম(ওএন্ডএম)-নয়নপুর সাব জোনাল অফিস।
১০। এজিএম- আইটি-১ [নপবিসের ওয়েব সাইটের মাধ্যমে প্রচারের ব্যবস্থার জন্য]
১১। নোটিশ বোর্ড, নপবিস।

23/04/24

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার